

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ২০, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
(কাস্টমস)  
প্রজ্ঞাপন

তারিখ: ২৪ মাঘ, ১৪৩০ বঙ্গাব্দ/০৭ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ২৪-আইন/২০২৪/০৪/কাস্টমস।—জাতীয় রাজস্ব বোর্ড, Customs Act, 1969 (Act No. IV of 1969) এর Section 219 এ প্রদত্ত ক্ষমতাবলে, পচনশীল পণ্য দ্রুত খালাস ও নিষ্পত্তিকরণ বিধিমালা, ২০২১ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর দফা (১) এর—

(ক) উপ-দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (ক) ও (কক) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(ক) “অন্যান্য সরকারি সংস্থা” অর্থ আমদানি বা রপ্তানি নীতি আদেশ বা রপ্তানি নীতি আদেশ অনুযায়ী পণ্য খালাসে যে সকল সংস্থার ছাড়পত্র প্রয়োজন হয়, সেই সকল সংস্থা;”;

“(কক) “আইন” অর্থ Customs Act, 1969 (Act No. IV of 1969);”;

(খ) উপ-দফা (জ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (জ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(জ) “পচনশীল পণ্য” অর্থ সেই সকল পণ্য যাহাদের গুণগতমান, স্বাভাবিক প্রাকৃতিক কারণে, বিশেষত সুনির্দিষ্ট শীতাতপ নিয়ন্ত্রিত ব্যবস্থার অনুপস্থিতিতে, অতিদ্রুত বা নির্দিষ্ট সময় অন্তর নষ্ট হয় বা ব্যবহার অনুপযোগী হয় অথবা এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে পরিশিষ্টে উল্লিখিত কোনো পণ্য;”;

( ১৭৫৫ )

মূল্য : টাকা ৪.০০

## (২) বিধি ৪ এর—

(ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(১) আমদানিকারক, রপ্তানিকারক বা তৎকর্তৃক মনোনীত প্রতিনিধি বা এজেন্ট, কোনো নিবন্ধিত ব্যবহারকারী আইনের বিধান অনুযায়ী সিস্টেমে নির্ধারিত আমদানি বা রপ্তানি মেনিফেস্ট দাখিল করিবে:

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট আদেশ মোতাবেক আমদানি বা রপ্তানি মেনিফেস্ট প্রি-অ্যারাইভাল প্রসেসিং (Pre-arrival Processing)/Prior Entry হিসাবে দাখিলকৃত হইলে অগ্রাধিকার ভিত্তিতে অনুমতি প্রদান করিতে হইবে।”;

(খ) উপ-বিধি (৪) এ উল্লিখিত “কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট ইউনিট” শব্দগুলির পরিবর্তে “কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) উপ-বিধি (৫) এ উল্লিখিত “কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট ইউনিট” শব্দগুলির পরিবর্তে “কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

## (৩) বিধি ৫ এর—

(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত “শাখা বা গ্রুপ” শব্দগুলির পরিবর্তে “শাখা, গ্রুপ, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মকর্তাগণ” শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-বিধি (৬) এর ব্যাখ্যায় উল্লিখিত “প্রভৃতি” শব্দের পরিবর্তে “ও অন্যান্য সরকারি সংস্থা” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

## (৪) বিধি ৬ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৬ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“৬। শুল্ক-কর, ফি চার্জ, ইত্যাদি পরিশোধ।—পণ্য চালানোর বিপরীতে নিরূপিত শুল্ক-কর, ফি, চার্জ এবং প্রযোজ্য অন্যান্য কর বোর্ড কর্তৃক নির্ধারিত ইলেকট্রনিক পেমেন্ট পদ্ধতিতে পরিশোধ করিতে হইবে।”;

## (৫) বিধি ১০ এর প্রাপ্তস্থিত দাড়ি (।) চিহ্নের পরিবর্তে কোলন (:) চিহ্ন প্রতিস্থাপিত হইবে, অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা:—

তবে শর্ত থাকে যে, পণ্যের গুণগতমান নিশ্চিতকরণার্থে কারণ দর্শানোর নোটিশ আমদানিকারক বা রপ্তানিকারকের ভ্যাট নিবন্ধনের মোবাইল বা ই-মেইল বা রেজিস্টার ডাকযোগে প্রেরণ করা যাইবে এবং অনতিবিলম্বে শুনানী প্রদানে আমদানিকারক বা রপ্তানিকারক সহায়তা করিবেন।”;

## (৬) বিধি ১১ এর পর নিম্নরূপ নূতন বিধি ১১ক সন্নিবেশিত হইবে, যথা:—

“১১ক। অন্যান্য সংস্থা কর্তৃক পচনশীল পণ্যের বিষয়ে বিশেষ ব্যবস্থা—(১) পচনশীল পণ্যের গুণগতমান সংরক্ষণে বন্দর কর্তৃপক্ষ প্রযোজ্য অবকাঠামো নিশ্চিত করিবে।

(২) অন্যান্য সরকারি সংস্থাসমূহ নিজস্ব ঝুঁকি ব্যবস্থাপনা (তদুপরি অটোমেটিক রিস্ক ম্যানেজমেন্ট সিস্টেমস এ সমন্বিত) পদ্ধতিতে ঝুঁকিপূর্ণ চালান সনাক্তকরণ ও নমুনা সংগ্রহ পদ্ধতি প্রচলন করিবে।

- (৩) নমুনা উত্তোলন ও ব্যস্থাপনায় বোর্ড কর্তৃক জারীকৃত নমুনা উত্তোলন ও কায়িক পরীক্ষা বিধিমালা প্রতিপালন করিতে হইবে।
- (৪) নমুনা উত্তোলন পরবর্তী প্রতিবেদন বা অনাপত্তি পত্র স্বয়ংক্রিয় ব্যবস্থায় অ্যাসাইকুডা সিস্টেমে প্রদান করিতে হইবে।”;
- (৭) পরিশিষ্ট এর পরিবর্তে নিম্নরূপ পরিশিষ্ট প্রতিস্থাপিত হইবে, যথা:—

## “পরিশিষ্ট

[বিধি-২ (জ) দ্রষ্টব্য]

পচনশীল পণ্যের তালিকা

ক্রমিক নং	নাম	বাংলাদেশ কাস্টমস ট্যারিফ (বিসিটি) অনুযায়ী এইচ.এস. কোড সম্পর্কিত চ্যাপ্টার
১।	Live Animal	Chapter 1
২।	Meat and edible meat offal	Chapter 2
৩।	Fish and Crustaceans molluscs and other aquatic invertebrates	Chapter 3
৪।	Dairy produce; birds' eggs; natural honey; edible products of animal origin, not elsewhere specified or included	Chapter 4
৫।	Live trees and other plants, bulbs, roots and the like; cut flowers and ornamental foliage	Chapter 6
৬।	Edible vegetables and certain root and tubers	Chapter 7
৭।	Edible fruits and nuts; peel of citrus fruit or melons	Chapter 8
৮।	যুগ্ম কমিশনার বা তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তার সামগ্রিক বিবেচনায় গুণগতমান দ্রুত হ্রাস পাইবার আশঙ্কা রহিয়াছে এমন পণ্য।	সংশ্লিষ্ট এইচ.এস. কোড

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম

চেয়ারম্যান।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd